# নভেম্বর/২০১৮ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।
সভার তারিখ ঃ ২৭/১১/২০১৮ খ্রিঃ।
সময় ঃ ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ**

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ সভাপতির অনুমতিক্রমে টিএমএসএস, দিনাজপুর সংস্থা মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করেন। অত:পর গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয় আলোচনা হয়।

**নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের নভেম্বর/২০১৮ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ**

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ১০৮ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ৭৫ জনকে। | দিনাজপুর সদর | |
| | (২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে ৮৮ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | | |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ৯১ জনকে ২৫৯৮০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এ মাসে ঋণ আদায় করা হয় ২৬৭৫১৬০/- টাকা, সঞ্চয় আদায় করা হয় ২৭০৯১৪/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ২২৩০৯৩/- টাকা। | পৌরসভা ১ নং ও ৪নং ইউপি, | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| | (২) শিক্ষা কার্যক্রম | ১ নং চেহেলগাজী ইউনিয়নের বড়ইল গ্রামে রোকেয়ার বাড়ীতে ২৬ জন ছাত্র/ছাত্রী নিয়ে প্রাক প্রাথমিক বিদ্যালয় চলমান রয়েছে। | | |
| | (৩) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে আলু ও ভুট্টা এবং বোরো ধান লাইনে রোপন ও মাটি পরীক্ষা করে পরিমিত রাসায়নিক প্রয়োগ করার পরামর্শ প্রদান করা হয়। পাখি বসার জন্য ডার বা কঞ্চি বোরো ধানের জমিতে স্থাপন করার জন্য পরামর্শ দেওয়া হয়। | | |
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম | ১৯২ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ৫ জন শিক্ষকের মাধ্যমে সকালে ও বিকালে কোচিং ক্লাশ করানো হয়। | দিনাজপুর সদর। | |
| | (২) পুষ্টিকর খাবার প্রদান | ১৯২জন শিশুকে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়। | | |
| | (৩) সংস্কৃতিক কার্যক্রম | ৫৬ জন শিশুকে সপ্তাহে ৩ (তিন) দিন নাচ ও গান শিখানো হয়। | | |
| অরবিন্দ শিশু হাসপাতাল | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে বহিঃ বিভাগে ৩,০২৮ জনকে সেবা দেওয়া হয় এবং আন্তঃ বিভাগে ৭৪০ জনকে স্বাস্থ্য সেবা দেওয়া হয়। | দিনাজপুর | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫** | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম<br><br>(২) জাতীয় শিক্ষা কার্যক্রম<br><br>(৩) বাড়ি পরিদর্শন | বয়স অনুযায়ী শিশুদের সামাজিক সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে।<br>৬-৮ বছরে= ক) পরিবারে ছেলে মেয়েদের ভূমিকা, খ) কথা ও কাজের মাধ্যমে পরিবারকে ভালবাসা।<br>৯-১১ বছর= ক) পরিবারে ছেলে মেয়েদের ভূমিকা, খ) পরিবারের দায়িত্ব পালন করা, গ) পরিবারিক রীতিনীতি।<br><br>১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৮ম- দ্বাদশ শ্রেনী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে।<br><br>চলতি মাসে প্রকল্পের ২৬টি শিশুর বাড়ি পরিদর্শনে যাওয়া হয়। এবারের মূল বিষয় ছিল শিশুর বার্ষিক পরীক্ষার প্রস্তুতি, বিদ্যালয়ে উপস্থিতি ও বাল্য বিবাহ বিষয়ে গুরুত্বারোপ। | দিনাজপুর সদর। | | |
| **ঝানজিরা সমাজ কল্যাণ সংস্থা** | সহিংসতা প্রতিরোধ কার্যক্রম | বিবেচ্য মাসে সহিংসতা প্রতিরোধে স্থানীয় সরকারের ভূমিকা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয় ২নং সুন্দরবন এবং ৩নং ফাজিলপুর ইউনিয়খোনে ইউনিয়ন পরিষদের ৩টি স্থায়ী কমিটির সদস্য/সদস্যাসহ চেয়ারম্যান ও ইউপি সদস্য/সদস্যাসহ মোট ২০ জন প্রতিটি ইউনিয়নে উপস্থিত ছিলেন। | | | |
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | | |
| সনাক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(২) জলবায়ু কার্যক্রম | দিনাজপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা সহ সেবা গ্রহীতাদের হয়রানী কমিযে আনার লক্ষ্যে সনাক দিনাজপুর এর উদ্যোগে ৬ নভেম্বর সকাল ৯.৩০ টায় তত্ত্বাবধায়কের কার্যালয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।<br><br>পোল্যান্ডে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক (কপ)-২৪ তম সম্মেলনে বিভিন্ন দেশের প্রতিনিধিবৃন্দের সবুজ জলবায়ু তহবিল সংগ্রহে টিআইবি'র পক্ষ থেকে দাবী সমূহ সম্মেলনে উত্থাপন করা হয় এবং জলবায়ু তহবিল ও তার ব্যবহার বিষয়ে সকলে ঐক্যমতে পৌছাবেন এই লক্ষ্যে দিনাজপুর সনাক শহরের বিভিন্ন পয়েন্টে ও সরকারি কলেজে শিক্ষার্থীদের মাঝে এই দাবী সম্বলিত তথ্য পত্র বিতরণ বিষয়ক ক্যাম্পেইন ২৭ নভেম্বর, ২০১৮ পরিচালনা করে। | দিনাজপুর সদর | | |
| **নুরমিশন বাংলাদেশ** | (১) নলকুপ স্থাপন<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ১টি নলকুপ স্থাপন করা হয়। **(কোথায় নলকূপ স্থাপন করা হয় তা উল্লেখ করা হয়নি।)**<br><br>বিবেচ্য মাসে উচ্চ শিক্ষা সহায়তা প্রদান করা হয় ১১৩ জনকে এবং নার্সিং/বিডিএস সহায়তা প্রদান করা হয় ২২ জনকে। | দিনাজপুর সদর। | | |
| এমকেপি | ❖ সমিতি সভা, ফোরাম সভা ও যোগাযোগ বৃদ্ধি | বিবেচ্য মাসে ৩০টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহন, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, বাড়ীর আশেপাশের জমিতে সবজি চাষ এবং মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | দিনাজপুর সদর। | | |
| পিএসটিসি | ❖ উঠান বৈঠক কার্যক্রম | বিবেচ্য মাসে উঠান বৈঠক করা হয়- ১১টি। অংশগ্রহণকারী ছিল পুরুষ- ৭০ জন, নারী- ১৫০ জন। | দিনাজপুর সদর | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ❖ হেলথ কার্যক্রম | বিবেচ্য মাসে হেলথ ক্যাম্প সম্পন্ন হয়েছে মোট- ০৪ (চার) টি। অংশগ্রহণকারী পুরুষ-৯৮জন, অংশগ্রহণকারী নারী- ৩১ জন। | | |
| সিডিডি | (১) সুদমুক্ত ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৪) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৫) নৃত্তাত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন | বিবেচ্য মাসে ৭১ জন প্রতিবন্ধী ব্যক্তিকে আয় বৃদ্ধিমূলক কাজেরে জন্য সুদমুক্ত ঋণ প্রদান করা হয়েছে এবং তাদের ব্যবসা ফলোআপ করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ১৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৫ জন বিভিন্ন ধরণের প্রতিবন্ধী শিক্ষার্থীকে বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরিবারের অভিভাবকে সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ৪নং শেখপুরা ইউনিয়নের নুলাইবাড়ী গ্রামের শারীরিক প্রতিবন্ধী মোছাঃ মোমেনা খাতুনের স্বামীর শারীরিক নির্যাতনের ন্যায় বিচার প্রাপ্তির শালিশী মামলা দিনাজপুর ব্লাষ্ট অফিসে দায়ের করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ১০ জন প্রতিবন্ধী শিশুকে প্রাইমারী রিহ্যাবিলিটেমন থেরাপি প্রদান করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে আদিবাসী প্রতিবন্ধীসহ অন্যান্য ব্যক্তিদের আয়বৃদ্ধিমূলক কাজে সম্পৃক্ত হওয়ার জন্য দলের সভায় আলোচনা করা হয়। | দিনাজপুর পৌরসভা. ও দিনাজপুর সদর উপজেলা। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। ঋণ কার্যক্রম | নার্সারী ও ফ্রি স্কুলে ছাত্র-ছাত্রীদের বার্ষিক পরীক্ষার প্রস্তুতি চলছে। পাশাপাশি নতুন ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া শুর হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ৪৩ জনকে ৫,৯৪,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ৩,৫৬,৫২৬/- টাকা। সঞ্চয় আদায় হয় ৫০,৬২৬/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| অনন্যা সংস্থা | ❖ প্রতিবন্ধী কার্যক্রম<br><br>❖ শিশু সুরক্ষা ও তামাক বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয় ও ২ টি সচেতনতা সভা করা হয়।<br><br>বিবেচ্য মাসে বাল্য বিবাহ রোধ বিষয়ে ২টি সচেতনতা সভা করা হয় এবং তামাক বিরোধী ২টি সচেতনতা সভা করা হয়। | দিনাজপুর সদর | |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম<br><br>(৩) সভা কার্যক্রম | বিবেচ্য মাসে ৬,২৭৬,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৫,৭০৩,৯৩২/- টাকা ঋণ আদায় করা হয়।<br><br>বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করায় ১৭৬ জন সদস্যের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় ৮৫ জন যুব সদস্য বাল্য বিবাহ করবে না বলে অঙ্গিকার করেছে।<br><br>বিবেচ্য মাসে নারী ক্লাবে ০২টি সভা হয়েছে যাতে ৪৪জন অংশগ্রহণ করেছে। সভার আলোচ্য বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচীর বয়স্ক ভাতা, প্রতিবনধীভাতা ও ভিজিএফ/ভিজিটি প্রসংগ।<br>এছাড়া আদর্শগ্রমে ০২টি ও সিবিওতে ০৪টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ৯,০০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৩,৫০,০০০/- টাকা। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা |

| | | | | |
|---|---|---|---|---|
| | (২) শিক্ষা কার্যক্রম | বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৬০টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৬৫০জন। ৪২ জন শিক্ষিকাকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৪৫টি অভিভাবক সভা করা হয়েছে। | | অনু... হলো |
| ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেডক মিউনিটি ডেভেলপমেন্ট প্রকল্প | (১) মা ও শিশুর স্বাস্থ্য, পুষ্টি উন্নয়ন ও ওয়াশ কার্যক্রম<br>(২) লাইভলি হুডস<br>(৩) জন অংশগ্রহণ, অংশীদারদের ক্ষমতায়ন, শিশুদের সুরক্ষা এবং যত্ন নিশ্চিতকরণ | স্যানিটেশন মাস উদযাপন-৩৮৯ জন (অংশগ্রহনকারী পুরুষ ও মহিল)<br>• বিশ্ব দুর্যোগ প্রশমন দিবস<br>• সৃজনে উন্নয়নে বাংলাদেশ মেলায় অংশগ্রহন<br>• শিশু নির্যাতন, সহিংষতা রোধ বিষয়ক সচেতনতা ও শিশু বিয়য়ক কার্যক্রম-অংশগ্রহনকারী-১১১২ জন (শিশু ও মহিলা ।<br>• শিশু একাডেমি এবং ওয়ার্ল্ড ভিশন, দিনাজপুর এপি যৌথ উদ্যোগে শিশু অধিকার সপ্তাহ পালন (বাল্য বিবাহ প্রতিরোধ দিবস, জাতীয় কন্যা শিশু দিবস) অংশ গ্রহনকারী-১০০০ জন (শিশু, পুরুষ ও মহিলা ।<br>বিশ্ব সাদাছড়ি দিবস পালন | পৌরসভা, আউলিয়াপুর চেহেলগাজী ও শেখপুরা ইউনিয়ন | |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম<br>(২) শিক্ষা কার্যক্রম<br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br>(৪) বনায়ন কার্যক্রম<br>(৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br>(৬) প্রতিবন্ধী কার্যক্রম<br>(৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ৯৮৭ জন কে ৪,০১,৮০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৬৫ জনকে ২০,২০,০০০/- টাকা।<br>বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৩৮ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১২৪২ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয় এবং এ পর্যন্ত ১৭টি স্কুলের ৯০ জন শিক্ষককে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হয়।<br>বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৭১ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৮ মাসব্যাপি উদযাপন করা হয়েছে।<br>বিবেচ্য মাসে ১০২৫০ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। এছাড়া কৃষি প্রযুক্তি ও বৃক্ষ মেলা ২০১৮ ব্র্যাক অংশগ্রহণ করে ১ম স্থান অধিকার করেছে।<br>চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৮ইং অর্থবছরে ৩৩টি পরিবারকে নির্যাতিন হতে প্রতিরোধ করা হয়েছে।<br>বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তির করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৮ পালন করা হয়েছে।<br>বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১১৮০ জনকে এবং ২০১৮ অর্থ বছরে ১৩২৭৫ জনকে সেবা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৮) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ২০০ কেজি, ২০১৮ অর্থ বছরে ২২০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে। | | |
| | (৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা | ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৮ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৮ পালন করেছে। | | |
| | (১০) প্রশিক্ষণ | বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ১৭৫ জন ব্র্যাক উপকারভোগী কর্মী/কর্মকর্তাকে এবং ২২৫ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়। | | |
| | (১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন। | বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে। | | |
| | (১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধূমপান মুক্ত দিবস পালন করেছে। | | |
| **দি লেপ্রসী মিশন বাংলাদেশ** | (১) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্বুদ্ধ করা হয়। | দিনাজপুর সদর উপজেলা | |
| | (২) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন করণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭২ জন। | | |
| | (৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে ২৬ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০২ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়। | | |
| | (৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সম্পর্কে অবহিত করা হয়। | | |
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br><br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- কারিতাস, ইএসডিও, এমএনডিএফ, পল্লী বন্ধু, টিএমএসএস, গাওসুল আযম চক্ষু হসপিটাল, এসএমএনবি, নারীর জন্য নারী, অন্বেষন ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | সিডিএ, পল্লীবন্ধু, অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, জেএসকেএস, প্রত্যাশা, উত্তরণ, এসএমএনবি, এফপিএবি ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনির্দিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ সকল সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৫। **'ব্র্যাক'** সংস্থা আগামী মাসে মাল্টিমিডিয়ার মাধ্যমে তাঁদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৬। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

৭। চলমান শীত মৌসুমে শীত বস্ত্র বিতরণের ক্ষেত্রে প্রশাসনকে সম্পৃক্ত করার জন্য ও বিতরণের তালিকা ইউএনও অফিস, দিনাজপুর সদর, দিনাজপুর এবং উপজেলা সমাজসেবা অফিস, দিনাজপুর সদর, দিনাজপুরকে প্রদানের জন্য সকল এনজিও প্রতিনিধিকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭.১২.২০

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নং: ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

# পরিশিষ্ট - 'ক'

( স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সদস্যদের নাম ও পদবী

১। জনাব মোঃ আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনজাপুর সদর, দিনজপুর ”
২। জনাব মোঃ মহসিন আলী, জেলা ব্র্যাক প্রতিনিধি, ব্র্যাক আঞ্চলিক অফিস, বাঁশেরহাট, দিনাজপুর। ”
৩। জনাব মোঃ কামাল উদ্দিন, এসজেটএএল (জেটএইচ), টিএমএসএস, নিমনগর, দিনাজপুর ”
৪। জনাব এম.এ ছালাম, বিএম, টিএমএসএস, নিমনগর, দিনাজপুর ”
৫। জনাব অনুকুল চন্দ্র বর্ম্মন, এপিসি ম্যানেজার, দিনাজপুর এপি, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, ঈদগাহ/আ/এ, দিনাজপুর ”
৬। জনাব সেবাষ্টিয়ান হেম্ব্রম, লিগ্যাল প্রমোটার, এনডিএফ, সদর ডাঙ্গাপাড়া, দিনাজপুর। ”
৭। জনাব মোঃ আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস বাংলাদেশ, সদর, দিনাজপুর। ”
৮। জনাব স্বপ্না সুবর্না তপ্ন, জেনারেল সেক্রেটারি, ওয়াইডাব্লিউসিএ, বড়পুল, সদর, দিনাজপুর। ”
৯। জনাব রাবেয়া খাতুন, হিসাব রক্ষক, অনন্যা সংস্থা, ঈদগাঁহ বস্তি, পুলিশ লাইনস রোড, দিনাজপুর। ”
১০। জনাব মোঃ মোহায়মিনুল ইসলাম, প্রোগ্রাম অফিসার, ডেভেলপমেন্ট কাউন্সিল, ইসলামপাড়া, বিরামপুর, দিনাজপুর। ”
১১। জনাব মোস্তফা গোলাম রব্বানী, সার্ভিস প্রমোটর, মেরী স্টোপস ক্লিনিক, সদর, দিনাজপুর। ”
১২। জনাব পলাশ রায়, সমাজ কর্মী, মশীহপাড়া সি.ডি.এস.পি, সদর, দিনাজপুর। ”
১৩। জনাব অজয় হালদার, হিসাব রক্ষক, আমইর সি.ডি.এস.পি, বিডি-২৪৫, সদর, দিনাজপুর। ”
১৪। জনাব মোঃ সাজেদুল ইসলাম, সিডিএফ, দি লেপ্রসী মিশন বাংলাদেশ, লালুপাড়া, সদর, দিনাজপুর। ”
১৫। জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যাণ পরিষদ, বালুবাড়ী, দিনাজপুর। ”
১৬। জনাব কৃষ্ণ কান্ত রায়, ডিআইআরএফ, সিডিডি, নিমনগর, বালুবাড়ী, দিনাজপুর। ”
১৭। জনাব মোঃ দবিরুল ইসলাম, প্রিন্সিপাল, বিএসডিএ, ঈদগাঁহ আবাসিক এলাকা, দিনাজপুর। ”
১৮। জনাব মোঃ হামিদুর রহমান, সিনিয়র আউটরিচ অর্গানাইমর, গাওসুল আযম বিএনএসবি হসপিটাল, দিনাজপুর ”
১৯। জনাব পুলিন চন্দ্র রায়,প্রোগ্রাম সমন্বয়কারী, নিরাপদ বাংলাদেশ সংস্থা, সুন্দরবন, সদর, দিনাজপুর। ”
২০। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর ”
২১। জনাব মোঃ দুলাল হোসেন, সাব এগ্রিকালচার ডেভেলোপমেন্ট অফিসার, সোসাইটি ফর উদ্যোগ, ঘাসিপাড়া, দিনাজপুর”
২২। জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক-টিআইবি, উত্তর বালুবাড়ী, দিনাজপুর। ”
২৩। জনাব সৈয়দা নুরে নাবিলা তাবাসসুম, জেলা সমন্বয়কারী, পিএসটিসি, বালুবাড়ী, দিনাজপুর। ”
২৪। জনাব শাহানাজ পারভীন, ফিল্ড সুপারভাইজার, পিএসটিসি, নিমনগর, বালুবাড়ী, দিনাজপুর। ”
২৫। জনাব মুর্শেদা পারভীন মলি, প্রোগ্রাম অফিসার, এমবিএসকে, বালুবাড়ী, দিনাজপুর। ”
২৬। জনাব মোঃ নুরুজ্জামান হক, শাখা ব্যবস্থাপক, নিরা, মির্জাপুর, সদর, দিনাজপুর। ”
২৭। জনাব ডিএসএম জিল্লুর রহমান, নির্বাহী পরিচালক, বিবিডিএস, বড়ইল, সদর, দিনাজপুর। ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৮. ৬৫২

তারিখ ঃ ১৭ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ**

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব.....................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর